

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২৩-২৪ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ খায়রুল কবীর মেনন অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৯ আগস্ট ২০২৩
সভার সময়	দুপুর ০১.১৫
স্থান	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব ও উপসচিব, প্রশাসন-৩ কে অনুরোধ জানান। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

## ১.০ আলোচ্য বিষয় : সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ হতে প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়াসমূহ পর্যালোচনা।

১.১ আলোচনা : সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.১ কার্যক্রম (সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত) বাস্তবায়নের নিমিত্ত উদ্ভাবনী ধারণার প্রস্তাব প্রেরণের জন্য ১২ জুলাই ২০২৩ তারিখে এ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দের নিকট পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে কারা-২ শাখা এবং বহিরাগমন-৩ শাখা হতে একটি করে উদ্ভাবনী ধারণা পাওয়া গিয়েছে। পরবর্তীতে সভাপতি সভায় উপস্থিত সুরক্ষা সেবা বিভাগের উদ্ভাবনী ধারণা প্রদানকারী এবং অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্ব স্ব অফিসের প্রস্তাবিত উদ্ভাবনী ধারণা সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের আহ্বান জানালে নিম্নরূপে প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাসমূহ সভায় উপস্থাপন করা হয়:

ক্রম	প্রস্তাবিত উদ্ভাবনী ধারণা	অফিস
১.	বিদেশীদের বিভিন্ন শ্রেণীর ভিসা প্রদান, ভিসার শ্রেণি পরিবর্তন, মেয়াদোত্তীর্ণ অবস্থান, তালিকাভুক্তি ও প্রসাংগিক তথ্যের Data Management System প্রস্তুতকরণ।	বহিরাগমন-৩ শাখা সুরক্ষা সেবা বিভাগ
২.	কারা অধিদপ্তরের Prison Inmate Database System ব্যবহার করে বিভিন্ন দিবস উপলক্ষে বন্দি মুক্তি, অচল, অক্ষম, গুরুতর দুরারোগ্য রোগে আক্রান্ত, লঘু অপরাধে দন্ডিত এবং বিচাষী বন্দিদের মুক্তির বিষয়ে সুপারিশ প্রণয়ন।	কারা-২ শাখা সুরক্ষা সেবা বিভাগ
৩.	'Visa Application Tracking Management Software' প্রস্তুতকরণ	ইমিগ্রেশন ও
৪.	অবিতরণকৃত পাসপোর্ট সেবাপ্রার্থীর স্থায়ী ঠিকানায় প্রেরণ।	পাসপোর্ট অধিদপ্তর

৫.	ফায়ার এন্ড রেসকিউ অ্যাপস।	ফায়ার সার্ভিস ও
৬.	মাসিক প্রতিবেদন অনলাইনে রূপান্তর।	সিভিল ডিফেন্স অধিদপ্তর
৭.	ডিজিটাল স্টোর রুম চালুকরণ।	কারা অধিদপ্তর
৮.	শুষ্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

সভায় প্রতিটি প্রস্তাবিত উদ্ভাবনী ধারণা সংশ্লিষ্ট শাখার ও অধিদপ্তরের কর্মকর্তাগণ উপস্থাপন করেন এবং সে সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

### ১.২ সিদ্ধান্ত :

(ক) প্রাপ্ত প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাসমূহের উপর বিস্তারিত ডকুমেন্ট সংশ্লিষ্ট কর্মকর্তাগণ/অফিস সুরক্ষা সেবা বিভাগে আগামী ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে প্রেরণ করবে;

(খ) প্রাপ্ত প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাসমূহ আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হবে;

### ২.০ বিবিধ :

**২.১ আলোচনা :** সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২.১.২ নং কর্মসম্পাদন (আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ) সূচকের বাস্তবায়ন অধিদপ্তরসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ করার উপর নির্ভরশীল হওয়ায় সভায় কর্মসম্পাদন সূচকটি কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ের মধ্যে হালনাগাদ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।

### ২.২ সিদ্ধান্ত :

(ক) আওতাধীন অধিদপ্তরসমূহ সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২.১.২ নং কর্মসম্পাদন (আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ) সূচক নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করবে;

(খ) ২.১.২ নং কর্মসম্পাদন (আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ) সূচকের প্রমাণক প্রস্তুতের বিষয়ে অধিকতর ব্যাখ্যার প্রয়োজন হলে আওতাধীন অধিদপ্তরসমূহ সুরক্ষা সেবা বিভাগের সহায়তা গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খায়রুল কবীর মেনন  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.২০১

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০

১১ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

- ২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ৩) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) উপসচিব, প্রশাসন-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) উপসচিব, কারা-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৭) উপসচিব, বহিরাগমন-৩ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৮) উপসচিব, কারা-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ১০) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১১) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)



মুহাম্মদ শহিদ উল্লাহ  
উপসচিব